দৈনিক জনকণ্ঠ

MAR. 03 2003

# পিএসসির আরও একটি প্রশ্নপত্র ফাঁস!

বিশ্ববিদ্যালয় রিপোর্টার ॥ ২৪তম বিসিএস পরীক্ষার প্রশ্নপত্র ফাঁসের বিতর্ক এড়াতে না এড়াতেই পিএসসি কর্তৃক আরেকটি নিয়োগ পরীক্ষা নিয়ে বিতর্ক দেখা দিয়েছে। প্রতিরক্ষা মন্ত্রণালয়ের সাইফার অফিসার পদের নিয়োগ পরীক্ষা নিয়ে এই বিতর্ক দেখা দেয়। রবিবার অনুষ্ঠিত এই পরীক্ষা এমসিকিউ পদ্ধতিতে অনুষ্ঠিত হওয়ার কথা থাকলেও এমসিকিউ পদ্ধতির পরিবর্তে হস্তলিখিত প্রশ্নের

(৪-এর পাতায় দেখুন)

## পিএসসির আরও

(প্রথম পাতার পর)

মাধ্যমে লিখিত পরীক্ষা নেয়া হয়। এ নিয়ে পরীক্ষার্থীদের মধ্যে ক্ষোভ দেখা দেয়। একাধিক পরীক্ষার্থী জানিয়েছে, পূর্ব নির্ধারিত সময় অনুযায়ী সকাল ১০টায় পিএসসিতে এমসিকিউ পদ্ধতিতে পরীক্ষা হওয়ার কথা। সেই প্রস্তুতি নিয়ে তারা পরীক্ষা হলে যায়। কিন্তু পরীক্ষায় এমসিকিউ পদ্ধতির পরিবর্তে হাতের লেখা লিখিত প্রশ্নপত্র দেয়া হয়-যাতে এমসিকিউর পরিবর্তে রচনামূলক উত্তর দিতে বলা হয়। এতে পরীক্ষার্থীরা হল থেকে বেরিয়ে আসতে চাইলে তাদেরকে বাধ্য করা হয় পরীক্ষা দিতে। এ নিয়ে পরীক্ষার্থীরা হৈহুল্লা শুরু করলে পুলিশ ডাকা হয়। একটি সূত্র জানায়, এমসিকিউ পদ্ধতির প্রশ্ন আগেই ফাঁস হয়ে যাওয়ার গুঞ্জনে পিএসসি কর্তৃপক্ষ তড়িঘড়ি করে হাতের লেখা প্রশ্ন দিয়ে পরীক্ষা নিতে বাধ্য করে। এ ব্যাপারে পিএসসিতে কয়েকজনের সঙ্গে যোগাযোগ করা হলে এ ব্যাপারে কেউ কিছু বলতে চাননি।